NYC Consumer and Worker Protection

BENGALI

এই প্রকাশনাটিতে 22 সেপ্টেম্বর, 2020 পর্যন্ত তথ্য অন্তর্ভুক্ত রয়েছে।

অতিরিক্ত শিল্প সংস্থা যারা NYC-তে পুনরায় খোলার অনুমতি পেয়েছে: কর্মীদেরকে যা জানতে হবে

- NYC পুনরায় চালু করার পর্ব 4-এ রয়েছে।
- **30 সেপ্টেম্বর, 2020 মতে:**
  - **কঠোর নিয়মের সঙ্গে ইন্ডোর ডাইনিং পুনরায় চালু করা যেতে পারে।** এই নথিতে পুনরায় চালু করার নির্দেশাবলী পড়ুন। এছাড়াও মেয়রের কাউন্সেল দ্বারা প্রস্তুত NYC ইনডোর ডাইনিং সংক্রান্ত প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী পড়ুন।
  - **ইনডোর সুইমিং পুলগুলি সর্বাধিক ধারণক্ষমতার 33% পর্যন্ত আবার খোলা যেতে পারে।**
- আরও আপডেট ও তথ্যের জন্য nyc.gov/workers দেখুন।

নিম্নলিখিত শিল্প সংস্থা NYC-তে আবার খুলতে পারে:

- রেস্তোঁরা, প্রতিষ্ঠান এবং অন্যান্য খাদ্য বিক্রেতা/ ছাড়প্রাপ্ত নিবেদিত সংস্থা সহ ইনডোর খাদ্য পরিষেবা এবং ডাইনিং (30 সেপ্টেম্বর মতে)
- মল এবং ক্যাসিনো (9 সেপ্টেম্বর মতে)
- জিম এবং ফিটনেস সেন্টার (2 সেপ্টেম্বর মতে)
- মিউজিয়াম, ঐতিহাসিক স্থান, অ্যাকোয়ারিয়াম এবং অন্যান্য কম ঝুঁকিপূর্ণ ইনডোর সাংস্কৃতিক শিল্প সহ কম ঝুঁকিপূর্ণ ইনডোর শিল্পকলা এবং বিনোদন (24 আগস্ট, 2020 মতে)
- বোলিং অ্যালি (17 আগস্ট, 2020 মতে)

যদি আপনি এইসব অন্তর্ভুক্ত ব্যবসায়িক প্রতিষ্ঠানে কাজে যুক্ত থাকেন, তাহলে আপনার নিয়োগকর্তাকে অবশ্যই অনুসরণ করতে হবে এমন কিছু সাধারণ ও শিল্প-নির্দিষ্ট প্রয়োজনীয়তার জন্য এই প্রকাশনাটি পড়ুন। **forward.ny.gov**-এ বিস্তারিত নির্দেশিকা রয়েছে। কর্মী সুরক্ষা হটলাইনের জন্য **311** নম্বরে অথবা কর্মক্ষেত্র পুনরায় খোলা, স্বাস্থ্য ও সুরক্ষা নির্দেশিকা সম্পর্কে প্রশ্ন নিয়ে অথবা পুনরয় খোলার প্রয়োজনীয়তা অনুসরণ করছে না এমন কোনও নিয়োগকর্তার বিষয়ে রিপোর্ট করার জন্য **1-212-436-0381** নম্বরে আপনি কল করতে পারেন।

যখন ব্যবসা পুনরায় চালু হবে তখন সমস্ত নিয়োগকারীকে যে সাধারণ প্রয়োজনীয়তাগুলি অবশ্যই অনুসরণ করতে হবে

যোগাযোগ এবং স্ক্রিনিং	• **আপনার কর্মস্থলের এমন জায়গায় সুরক্ষা পরিকল্পনা লাগাতে হবে যাতে আপনি সেটি দেখতে পান।** • **নিজেকে এবং আপনার সহকর্মীদেরকে সুরক্ষা এবং স্বাস্থ্যবিধির প্রোটোকলের প্রশিক্ষণ দিন।** • **প্রত্যেক দিন একটি কর্মী স্বাস্থ্য পরীক্ষার পরিচালনা করুন এবং, যখন প্রযোজ্য, অন্যদের (ঠিকাদার, ভেন্ডর, নিয়মিত গ্রাহকদের) স্বাস্থ্য পরীক্ষা করুন।** আপনার নিয়োগকর্তাকে অবশ্যই অসুস্থ বা অসুস্থ হয়ে পরেছেন এমন কর্মীদের বাড়ি পাঠিয়ে দিতে হবে। • **কর্মীদের এবং জনসাধারণের জন্য সুরক্ষা এবং স্বাস্থ্যবিধির প্রোটোকল সম্পর্কিত তথ্য থাকা লাগাতে হবে।**
সুরক্ষা সরঞ্জাম	• **নিজেকে এবং সহকর্মীদেরকে বিনামূল্যে মুখাবরণ দিন এবং পরিবর্ত মুখাবরণ সরবরাহ করতে হবে।** আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনাকে এবং আপনার সহকর্মীদের সুরক্ষা সরঞ্জাম কীভাবে ব্যবহার, পরিষ্কার এবং বাতিল করতে হবে তার প্রশিক্ষণ দিতে হবে। আপনার নিয়োগকর্তাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে কর্মীরা নিয়মিত গ্রাহক এবং অতিথিদের সাথে কাজ করার সময় এবং যখন অন্যদের থেকে 6 ফুট দূরত্ব বজায় রাখা সম্ভব নয় তখন মুখাবরণ পরবেন।
স্বাস্থ্যবিধি, পরিষ্কার করা, এবং জীবাণুমুক্ত করা	• হাত ধোয়ার জন্য সাবান, জল এবং কাগজের তোয়ালে সহ **কর্মীদের জন্য হাত পরিষ্কার করার স্থানের ব্যবস্থা করতে হবে এবং তা বজায় রাখতে হবে** এবং এর পাশপাশি যেখানে হাত ধোয়ার ব্যবস্থা করা সম্ভব নয় সেখানে 60% অথবা তার চেয়ে বেশি অ্যালকোহল সমৃদ্ধ অ্যালকোহল-ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজারের ব্যবস্থা করতে হবে। • **নিয়মিত এবং কমপক্ষে প্রতিদিন সর্বসাধারণের জায়গা এবং যেখানে বেশি স্পর্শ হয় এমন পৃষ্ঠতল এবং বস্তুগুলি বারংবার পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে।** এমন উদাহরণের মধ্যে দরজার হাতল, হ্যান্ডরেল, লাইটের সুইচ, রেস্টরুমগুলি ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে। আপনার নিয়োগকর্তাকে অবশ্যই নিয়মিত গ্রাহক এবং অতিথিদের দ্বারা প্রতিবার ব্যবহারের পরে ব্যবহৃত স্থান ও পৃষ্ঠতল পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে হবে।

স্বাস্থ্যবিধি, পরিষ্কার করা, এবং জীবাণুমুক্ত করা	•	**যন্ত্রপাতি এবং সরঞ্জাম শেয়ার করা সীমিত করতে হবে এবং কাজের জায়গা ও প্রতিবার ব্যবহারের পরে যন্ত্রপাতি এবং সরঞ্জামগুলি নিয়মিত পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে।** সরঞ্জামগুলির সম্ভাব্য ক্ষতির কারণে যদি ভাগ করা সীমাবদ্ধ করা বা সরঞ্জাম পরিষ্কার করা সম্ভব না হয় তাহলে, আপনার নিয়োগকর্তাকে অবশ্যই কর্মীদের গ্লাভস পরতে নির্দেশ দিতে হবে।
শারীরিক দূরত্ব	•	**যেখানেই সম্ভব হবে ব্যক্তিদের মধ্যে 6 ফুট দূরত্ব নিশ্চিত করুন।** • **নিয়মিত গ্রাহকদের এবং অতিথিদের বয়স 2 এর বেশি হলে এবং তাঁরা চিকিৎসাগতভাবে মুখাবরণ সহ্য করতে পারলে, তাঁদের মুখ ঢেকে রাখতে বলতে হবে।** • **রেস্টরুম ও ব্রেকরুমের মতো ছোট জায়গাগুলির ব্যবহার সীমিত করতে আপনার নিয়োগকর্তাকে সাইনলাগাতে হবে।**

ইনডোর খাদ্য পরিষেবা/ডাইনিংয়ের জন্য প্রয়োজনীয়তা

আপনার নিয়োগকর্তাকে অবশ্যই যা করতে হবে:

- (*আবার খোলার আগে*) ফিরে আসার আগে স্বাস্থ্যকর এবং নিরাপদ পরিবেশ নিশ্চিত করতে প্রি-রিটার্ন চেক এবং কিচেন সিস্টেমের মূল্যায়ন সম্পূর্ণ করতে হবে।
- কর্মস্থলে উন্নত এয়ার ফিল্ট্রেশন সিস্টেম স্থাপন করতে হবে।
- সর্বাধিক ধারণক্ষমতা সীমিত করে তা 25% করতে হবে। *সর্বাধিক ধারণক্ষমতায় কর্মী এবং নিয়মিত গ্রাহকরা অন্তর্ভুক্ত।*
  - ক্যাটারিং প্রতিষ্ঠানগুলিকে যেকোনো ইভেন্টের স্থানে নিয়মিত গ্রাহকের সংখ্যা অবশ্যই 50 জনের চেয়ে কম বা সর্বাধিক ধারণক্ষমতার 25%-এ সীমাবদ্ধ করতে হবে, যেটাই কম হবে।
- স্পষ্টভাবে প্রতিষ্ঠানের অভ্যন্তরে এবং বাইরে লাগাতে হবে যেখানে নিয়মিত গ্রাহকরা এটি দেখতে পাবেন:
  - ইনডোর ডাইনিংয়ের জন্য নিয়মিত গ্রাহকদের সর্বাধিক সংখ্যাধারণক্ষমতার 25% পর্যন্ত অনুমোদিত।
  - যে ফোন এবং টেক্সট নম্বরে উলঙ্ঘন রিপোর্ট করতে হবে:
    - (833) 208-4160 নম্বরে ফোন করুন
    - উলঙ্ঘনের বিষয়ে ("VIOLATION") (855) 904-5036-এ টেক্সট করুন
- দরজার কাছে প্রতিটি নিয়মিত গ্রাহকের তাপমাত্রা পরীক্ষা করুন এবং 100.0 ডিগ্রির চেয়ে বেশি তাপমাত্রা থাকা যেকোনো ব্যক্তির প্রবেশ নিষিদ্ধ করতে হবে।
- কন্ট্যাক্ট ট্রেসিংয়ের উদ্দেশ্যে প্রতিটি পার্টির একজন সদস্যের কাছ থেকে তথ্য, যেমন - পুরো নাম, ফোন নম্বর এবং ঠিকানা সংগ্রহ করতে হবে।
- বারে পরিষেবা নিষিদ্ধ করতে হবে।
- ইনডোর খাদ্য পরিষেবা মধ্যরাতে বন্ধ করতে হবে।
- মার্কিন যুক্তরাষ্ট্রের পরিবেশ সুরক্ষা সংস্থা (Environmental Protection Agency, EPA) দ্বারা COVID-19 এর বিরুদ্ধে পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে কার্যকরী বলে চিহ্নিত পণ্য ব্যবহার করা।
- রেস্টরুম, অর্ডার পিকআপ বা পেমেন্টের স্থান সহ লাইন দিতে হয় এমন যেকোনো জায়গায় স্পষ্টভাবে 6 ফুট দূরত্ব চিহ্নিত করতে হবে।
- গ্রাহক এবং কর্মচারীদের জন্য যেখানে সম্ভব সেখানে আলাদা প্রবেশ এবং প্রস্থান দ্বার নির্দিষ্ট করতে হবে।
- রান্নার পাত্র এবং প্যানের মতো রান্নাঘরের সরঞ্জাম এবং উপকরণ শেয়ার করা সীমাবদ্ধ করুন বা কর্মীদের আইটেমগুলি ব্যবহার করার আগে এবং পরে গ্লাভস পরতে বা হাত ধুয়ে নিতে বলতে হবে।
- নিশ্চিত করতে কবে যে টেবিলে সেবা প্রদান করে এমন কর্মী সহ সমস্ত কর্মী যাতে স্টেট এবং স্থানীয় স্যানিটারি কোডগুলি মেনে চলে। *যে কর্মীরা গ্লাভস পরেন তাঁদের সেগুলি ঘন ঘন এবং কাজ বদল করার আগে বদলে নেওয়া উচিত। যে কর্মীরা গ্লাভস পরেন না তাঁদের অবশ্যই সাবান ও জল দিয়ে ঘন ঘন হাত ধুয়ে নিতে হবে।*
- শেয়ার করা স্থান এবং পৃষ্ঠতল স্পর্শ করার আগে এবং পরে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে ব্যবহার করার জন্য সরঞ্জাম সরবরাহ করতে হবে।
- যদি উপকরণগুলি প্রতিটি ব্যবহারের পরে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা যায় তবে সিট উপলভ্য হলে গ্রাহকদের সংকেত দিতে কেবল বাজারের মতো সরঞ্জাম ব্যবহার করতে হবে; প্রতিটি ব্যবহারের পরে ফেলা যায় না এমন মেনু, সিলভারওয়্যার, আচার-মশলার পাত্র পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে; অথবা ব্যবহারের পরে ফেলে দেওয়া যাবে এমন আচার-মশলা এবং সিলভারওয়্যার প্রদান করতে হবে।
- (*টেকআউট/ডেলিভারি*) খাবার এবং/বা পানীয়ের জন্য অপেক্ষা করা গ্রাহকদের জন্য হাত পরিষ্কার করার স্থান সরবরাহ করতে হবে এবং যদি পিকআপ/ডেলিভারির স্থান অভ্যন্তরে হয় তবে বায়ুচলাচলের জন্য জানালা/দরজাগুলি উন্মুক্ত রয়েছে তা নিশ্চিত করতে হবে।
- ইনডোর এবং আউটডোর টেবিলগুলি এমনভাবে সীমিত রাখতে এবং সাজাতে হবে যাতে সেগুলি সমস্ত দিক থেকে 6 ফুট দূরত্বে থাকে। যদি ব্যবধান সম্ভব না হয় তবে আপনার নিয়োগকর্তাকে অবশ্যই শারীরিক অন্তরায় স্থাপন করতে হবে যা কমপক্ষে 5 ফুট উচ্চতার হবে এবং যা জরুরি বা ফায়ার এক্সিট অবরুদ্ধ করবে না।
- টেবিলে বসার সীমা 10 জন নিয়মিত গ্রাহক পর্যন্ত সীমিত রাখতে হবে যাদের একই পরিবারের না হলেও অবশ্যই একই দলের হতে হবে। *কমিউনাল টেবিল একমাত্র তবেই অনুমোদিত হবে যদি বিভিন্ন দল 6 ফুট দূরে থাকতে পারে।*

গেমিং কেন্দ্র / ক্যাসিনোর জন্য প্রয়োজনীয়তা

আপনার নিয়োগকর্তাকে অবশ্যই যা করতে হবে:

- (*আবার খোলার আগে*) ফিরে আসার আগে স্বাস্থ্যকর এবং নিরাপদ পরিবেশ নিশ্চিত করতে যান্ত্রিক; জলের; লিফট; এবং হিটিং, বায়ুচলাচল এবং এয়ার কন্ডিশনিং (HVAC) সিস্টেমগুলির প্রি-রিটার্ন চেক এবং মূল্যায়ন করতে হবে।
- একটি এয়ার ফিল্ট্রেশন সিস্টেম রাখতে হবে যা MERV-13 বা তার বেশিতে কাজ করে। যে সুবিধাগুলি সেই স্তরে কাজ করতে পারবে না তাদের অবশ্যই একজন HVAC বা আমেরিকান সোসাইটি অফ হিটিং, রেফ্রিজারেটিং এবং এয়ার-কন্ডিশনিং ইঞ্জিনিয়ার্স (American Society of Heating, Refrigerating and Air-Conditioning Engineers, ASHRAE) পেশাদার বা লাইসেন্সপ্রাপ্ত বিল্ডিং ইঞ্জিনিয়ারকে দিয়ে এই অক্ষমতা নথিবদ্ধ করাতে হবে। সুবিধাগুলিকে অবশ্যই যা করতে হবে:
  - MERV-13-এ আপগ্রেড করার ব্যয় সহ স্টেট বা সিটির স্বাস্থ্য বিভাগে ডকুমেন্টেশন জমা দিতে হবে;
  - MERV-12 বা MERV-11, যা ন্যূনতম অনুমতিযোগ্য রেটিং তাতে কাজ করার অনুমোদনের অনুরোধ করতে হবে; এবং
  - রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Disease Control and Prevention, CDC)-এর থেকে অতিরিক্ত বায়ুচলাচল এবং প্রশমনের প্রোটোকল গ্রহণ করতে হবে।

  প্রশমনের প্রোটোকলে অন্তর্ভুক্ত রয়েছে তবে এটি সীমিত নয়:
  - যতটা সম্ভব জানালা খোলা রাখা;
  - যতটা সম্ভব বায়ুচলাচলের হার এবং বাইরের বাতাসের চলাচল বৃদ্ধি করা;
  - সিস্টেমগুলিকে দীর্ঘ সময়ের জন্য চলমান রাখা;
  - এমন সিস্টেমগুলি বজায় রাখা যা তাজা বাতাসের সরবরাহ বাড়ায়;
  - যতটা সম্ভব রিসার্কুলেশন কমানো বা এড়ানো;
  - বায়ুবাহিত ভাইরাস কণাগুলি নিষ্ক্রিয় করতে আলট্রাভাইলেট জার্মিসাইডাল (Ultraviolet Germicidal Irradiation, UVGI) ইরেডিয়েশন (ইউভিজিআই) ব্যবহার করা;
  - পোর্টেবল এয়ার ফিল্টার ইনস্টল করা;
  - সিস্টেম এবং ফিল্টারগুলি সঠিকভাবে কাজ করছে তা নিশ্চিত করার জন্য নিয়মিত নিরীক্ষণ করা; এবং
  - বাইপাস প্রতিরোধ করতে ফিল্টারগুলি সিল করা।
- সর্বাধিক ধারণক্ষমতা সীমিত করে তা 25% করতে হবে। *সর্বাধিক ধারণক্ষমতায় কর্মী এবং নিয়মিত গ্রাহকরা অন্তর্ভুক্ত।*
- নিয়মিত গ্রাহকরা মুখাবরণ পরা না থাকলে তাঁদের প্রবেশ নিশিদ্ধ করুন। একমাত্র ব্যতিক্রমগুলির জন্য সাধারণ প্রয়োজনীয়তা বিভাগে শারীরিক দূরত্ব দেখুন। *নিয়মিত গ্রাহকরা তাঁদের পরিচয় যাচাই করার জন্য প্রবেশদ্বারে মুখাবরণখুলে ফেলতে পারেন। তবে, তাঁদের অন্যদের থেকে অন্তত 6 ফুট দূরত্ব বজায় রাখতে হবে।*
- সুরক্ষা বা কোনও ক্রিয়াকলাপের জন্য স্বল্প দূরত্বের প্রয়োজন না হলে বিভিন্ন দলের নিয়মিত গ্রাহকরা একে অপরের থেকে 6 ফুট দূরত্ব বজায় রাখবেন তা নিশ্চিত করতে হবে।
- ব্রেকরুম মতো কর্মীদের সাধারণ এলাকায় এবং যেখানে নিয়মিত গ্রাহকরা জড়ো হতে পারেন বা লাইনে দাঁড়াতে পারেন যেমন বসার জায়গা এবং রেস্টরুমের মতো স্থানে 6 ফুট দূরত্ব চিহ্নিত করতে হবে। এমন যেকোনো বসার স্থান বা মেশিন বন্ধ করতে হবে যেখানে 6 ফুট দূরত্ব সম্ভব নয়।
- নিয়মিত গ্রাহকদের ভিড় নিয়ন্ত্রণ করতে সুরক্ষা কর্মী বা আরও বেশি কর্মচারী ব্যবহার করতে হবে, শারীরিক দূরত্ব বজায় রাখতে গেমিং এরিয়ায় সর্বাধিক ধারণক্ষমতার সীমাবদ্ধতা বলবৎ করতে হবে এবং নিয়মিত গ্রাহকরা যাতে একত্রিত না হয় বা বিনা কারণে দেরি না করে তা নিশ্চিত করতে হবে।
- গেমিং এরিয়াতে খাদ্য বা পানীয় পরিষেবা বন্ধ করতে হবে।
- লাইভ পারফরম্যান্স নিষিদ্ধ করতে হবে।
- 6 ফুট দূরত্ব সম্ভব হলেও ডিলার এবং নিয়মিত গ্রাহকদের মধ্যে শারীরিক অন্তরায় স্থাপন করতে হবে।
- সমস্ত গেমিং কেন্দ্র জুড়ে হ্যান্ড স্যানিটাইজার রাখতে হবে।
- প্রতিটি ব্যবহারের পরে শেয়ার করা উপকরণ পরিষ্কার করতে হবে এবং নিয়মিত গ্রাহকদের জন্য পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার সরঞ্জাম সরবরাহ করতে হবে। যদিও আপনার নিয়োগকর্তা ব্যবহারের আগে এবং পরে উপকরণ পরিষ্কার করার জন্য নিয়মিত গ্রাহকদের বলতে পারেন, তবুও দুবার ব্যবহারের মধ্যে উপকরণ পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে অবশ্যই কর্মীদের উপলব্ধ থাকতে হবে। মেশিনগুলি ব্যবহারের আগে নিয়মিত গ্রাহকদের কাছে সেগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার অনুরোধ করার বিকল্প অবশ্যই থাকতে হবে।
- গেমিং ফ্লোরের বাইরে জায়গা সংরক্ষণ করতে হবে যাতে কর্মীরা খাবার খাওয়ার সময় সামাজিক দূরত্ব পর্যবেক্ষণ করতে পারেন। খাদ্য এবং পানীয় শেয়ার করা নিষিদ্ধ।
- যেকোনো ইভেন্টের স্থানে নিয়মিত গ্রাহকের সংখ্যা অবশ্যই 50 জনের চেয়ে কম বা সর্বাধিক ধারণক্ষমতার 25%-এ সীমাবদ্ধ করতে হবে, যেটাই কম হবে। *সর্বাধিক ধারণক্ষমতায় কর্মী এবং অন্য নিয়মিত গ্রাহকরা অন্তর্ভুক্ত।*
- ক্যাশ কেজের মতো শেয়ার করা ওয়ার্কস্টেশনগুলি বিভিন্ন কর্মীদের দ্বারা প্রতিটি ব্যবহারের মধ্যে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে।
- নিশ্চিত করতে হবে যে নিয়মিত গ্রাহকরা যাতে কখনই অন্যান্য নিয়মিত গ্রাহকদের কার্ডগুলিতে স্পর্শ না করেন এবং যেখানে সম্ভব হবে, নিয়মিত গ্রাহকদের কারডগুলি স্পর্শ করা যথাসম্ভব কমাতে গেমগুলি পুনরায় কনফিগার করতে হবে। নতুন ডিলারদের অবশ্যই 'ট্যাপ' করার বদলে তাদের আগমনের ঘোষণা দিয়ে বহির্গামী ডিলারদের প্রতিস্থাপন করতে হবে।

স্পোর্টস ওয়েজারিং কাউন্টারগুলির জন্য প্রয়োজনীয়তা:

- পেশাগত সুরক্ষার এবং স্বাস্থ্য প্রশাসন (Occupational Safety and Health Administration, OSHA)-এর নির্দেশিকা অনুসরণ করে যে নিয়মিত গ্রাহকরা কাউন্টারের জন্য লাইনে আছেন তাঁদের মধ্যে 6 ফুট দূরত্ব নিশ্চিত করতে মার্কার লাগাতে হবে এবং নিয়মিত গ্রাহক এবং কাউন্টার অ্যাটেনডেন্টদের মধ্যে একটি বাধা স্থাপন করতে হবে।

গেমিং মেশিনের জন্য প্রয়োজনীয়তা:

- স্লট মেশিন এবং অন্যান্য গেম মেশিনগুলি এমনভাবে সাজাতে হবে যাতে সেগুলি সমস্ত দিক থেকে 6 ফুট দূরে থাকে। শারীরিক দূরত্বের জন্য আপনার নিয়োগকর্তাকে মেশিনগুলি সরাতে বা নিষ্ক্রিয় করতে হতে পারে।
- কমপক্ষে প্রতি চার ঘন্টা পর পর গেম মেশিন, স্লট মেশিনের কাউন্টার এবং অন্যান্য শেয়ার করা বস্তু এবং উপকরণ পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে।

ক্রেপস এবং চেয়ারের প্রয়োজন না হওয়া অন্যান্য গেমগুলির জন্য প্রয়োজনীয়তা:

- টেবিলের চারপাশে নিয়মিত গ্রাহকদের একে অপরের মধ্যে 6 ফুট দূরত্ব নিশ্চিত করতে মার্কার লাগাতে হবে এবং শারীরিক অন্তরায় স্থাপন করতে হবে।

গুরুত্বপূর্ণ: টেবিলে শারীরিক অন্তরায় না লাগানো পর্যন্ত এবং নিউ ইয়র্ক স্টেট গেমিং কমিশন অন্তরায়গুলি অনুমোদন না করা পর্যন্ত ক্যাসিনোগুলি টেবিল গেম পরিচালনা করতে পারবে না। এছাড়াও, ক্যাসিনোগুলিকে এভাবে টেবিল সাজাতে হবে যাতে টেবিলগুলির মধ্যে 6 ফুট দূরত্ব বজায় থেকে।

পোকার এবং ব্ল্যাকজ্যাকের মতো টেবিল গেমের জন্য অন্যান্য প্রয়োজনীয়তা:

- (*নতুন প্লেয়ার/ডিলারে পরিবর্তনের আগে*) পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে (বা প্রযোজ্য মতে বদলে দিতে এবং ফেলে দিতে হবে):
  - চেয়ারের স্থান;
  - গেম টেবিলের রেল;
  - রুলেট হুইলের হেড;
  - বল;
  - টোক বাক্স;
  - ডাইস; এবং
  - অন/অফ-এর বোতামগুলি।
- কোনও গেমে যোগদানের আগে নিয়মিত গ্রাহকদের হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে বলতে হবে।
- চিপার চ্যাম্পস (সর্টিংয়ের মেশিনগুলি) এবং পিট এবং পোকার পোডিয়াম প্রতি ঘন্টা এবং পুশ কার্ট, ব্ল্যাকজ্যাক ডিসকার্ড হোল্ডার, ব্যাকার‍্যাট ডিসকার্ড পাইল এবং শক্ত গেমের পৃষ্ঠতল প্রতি চার ঘন্টা পর পর পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে (বা প্রযোজ্য মতে বদলে দিতে এবং ফেলে দিতে হবে)।
- কোনও নিয়মিত গ্রাহক হেরে গেলে বা চিপ ফিরিয়ে দেওয়ার পরে সেগুলি খেলা থেকে সরিয়ে ফেলতে হবে এবং রিসার্কুলেট করার আগে চিপগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে।

মল এর জন্য প্রয়োজনীয়তা

আপনার নিয়োগকর্তাকে অবশ্যই যা করতে হবে:

- (*আবার খোলার আগে*) ফিরে আসার আগে স্বাস্থ্যকর এবং নিরাপদ পরিবেশ নিশ্চিত করতে যান্ত্রিক; জলের; লিফট; এবং হিটিং, বায়ুচলাচল এবং এয়ার কন্ডিশনিং (HVAC) সিস্টেমগুলির প্রি-রিটার্ন চেক এবং মূল্যায়ন করতে হবে।
- (***800,000 ফুটের চেয়ে বড় মলের জন্য***) একটি এয়ার ফিল্ট্রেশন সিস্টেম রাখতে হবে যা MERV-13 বা তার বেশিতে কাজ করে। যে সুবিধাগুলি সেই স্তরে কাজ করতে পারবে না তাদের অবশ্যই একজন HVAC বা আমেরিকান সোসাইটি অফ হিটিং, রেফ্রিজারেটিং এবং এয়ার-কন্ডিশনিং ইঞ্জিনিয়ার্স (ASHRAE) পেশাদার বা লাইসেন্সপ্রাপ্ত বিল্ডিং ইঞ্জিনিয়ারকে দিয়ে এই অক্ষমতা নথিবদ্ধ করাতে হবে। সুবিধাগুলিকে অবশ্যই যা করতে হবে:
  - স্টেট বা সিটির স্বাস্থ্য বিভাগে ডকুমেন্টেশন জমা দিতে হবে;
  - MERV-12 বা MERV-11, যা ন্যূনতম অনুমতিযোগ্য রেটিং তাতে কাজ করার অনুমোদনের অনুরোধ করতে হবে; এবং
  - রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC)-এর থেকে অতিরিক্ত বায়ুচলাচল এবং প্রশমনের প্রোটোকল গ্রহণ করতে হবে।

  প্রশমনের প্রোটোকলে অন্তর্ভুক্ত রয়েছে তবে এটি সীমিত নয়:
  - যতটা সম্ভব বায়ুচলাচলের হার এবং বাইরের বাতাসের চলাচল বৃদ্ধি করা;
  - সিস্টেমগুলিকে দীর্ঘ সময়ের জন্য চলমান রাখা;
  - এমন সিস্টেমগুলি বজায় রাখা যা তাজা বাতাসের সরবরাহ বাড়ায়;
  - যতটা সম্ভব রিসার্কুলেশন কমানো বা এড়ানো;
  - বায়ুবাহিত ভাইরাস কণাগুলি নিষ্ক্রিয় করতে আলট্রাভাইলেট জার্মিসাইডাল (UVGI) ইরেডিয়েশন (ইউভিজিআই) ব্যবহার করা;
  - পোর্টেবল এয়ার ফিল্টার ইনস্টল করা;
  - সিস্টেম এবং ফিল্টারগুলি সঠিকভাবে কাজ করছে তা নিশ্চিত করার জন্য নিয়মিত নিরীক্ষণ করা; এবং
  - বাইপাস প্রতিরোধ করতে ফিল্টারগুলি সিল করা।
- (***800,000 ফুটের চেয়ে ছোট মলের জন্য***) HVAC বা ASHRAE পেশাদার বা লাইসেন্সধারী বিল্ডিং ইঞ্জিনিয়ার দ্বারা প্রত্যয়িত ও নথিভুক্তএকটি এয়ার ফিল্ট্রেশন সিস্টেম রাখতে হবে যা MERV-11 তে কাজ করে তবে আদর্শভাবে MERV-13 বা তার চেয়েও বেশিতে কাজ করে।
- সর্বাধিক ধারণক্ষমতা সীমিত করে তা 50% করতে হবে। *সর্বাধিক ধারণক্ষমতায় কর্মী এবং গ্রাহকরা <u>অন্তর্ভুক্ত</u>।*
- গ্রাহকরা মুখাবরণ পরা না থাকলে তাঁদের প্রবেশ নিশিদ্ধ করতে হবে। একমাত্র ব্যতিক্রমগুলির জন্য সাধারণ প্রয়োজনীয়তা বিভাগে শারীরিক দূরত্ব দেখুন।
- বিভিন্ন দলের গ্রাহকরা একে অপরের থেকে 6 ফুট দূরত্ব বজায় রাখবেন তা নিশ্চিত করতে হবে।
- নিশ্চিত করতে হবে যে কর্মীরা গ্রাহকদের সঙ্গে কাজ করার সময় মুখাবরণ পরবেন এবং গ্রাহকরা যখন অন্যদের থেকে 6 ফুট দূরত্ব বজায় রাখতে পারবেন না তখন তাঁরা মুখাবরণ পরবেন।
- গ্রাহকদের ভিড় নিয়ন্ত্রণ করতে সুরক্ষা কর্মী বা আরও বেশি কর্মচারী ব্যবহার করতে হবে এবং গ্রাহকরা যাতে একত্রিত না হয় বা বিনা কারণে দেরি না করে তা নিশ্চিত করতে হবে।
- সাধারণ স্থানে হ্যান্ড স্যানিটাইজার রাখতে হবে।
- সাধারণ বসার জায়গা, জলের ফোয়ারা এবং স্ব-পরিবেশন করা বার এবং স্যাম্পলারের মতো সুবিধাগুলি বন্ধ করতে হবে এবং ভ্যালে পরিষেবা স্থগিত রাখতে হবে।
- ফুড কোর্টের জন্য নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগের “COVID-19 জনস্বাস্থ্যের জরুরি অবস্থার সময় খাদ্য পরিষেবাগুলির অন্তর্বর্তী গাইডেন্স” অনুসরণ করতে হবে। এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:
  - টেবিল এবং আসনের শারীরিক দূরত্ব;
  - গ্রাহকদের দলের মধ্যে সামাজিক দূরত্ব; এবং
  - অভ্যন্তরের জায়গার সর্বাধিক ধারণক্ষমতার সীমাবদ্ধতা।

জিম এবং ফিটনেস সেন্টারের জন্য প্রয়োজনীয়তা

এই নির্দেশিকাগুলি ফিটনেস ক্রিয়াকলাপ এবং সুবিধাগুলির ক্ষেত্রে প্রযোজ্য, তবে এতেই সীমিত নয়:

- একক, হোটেলের*, আবাসিক*, এবং অফিসের জিম এবং ফিটনেস সেন্টার
- উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের জিম এবং ফিটনেস সেন্টার
- যোগ/পলাটেজ/বার স্টুডিও
- বক্সিং/কিকবক্সিং জিম
- ফিটনেস বুট ক্যাম্প
- ক্রসফিট বা অন্যান্য প্লাইওমেট্রিক বক্স
- অন্যান্য গ্রুপ ফিটনেসের ক্লাস

দ্রষ্টব্য:

- ইনডোর পুলগুলি 30 সেপ্টেম্বর, 2020-তে আবার খুলতে পারে। তবে সনা, স্টিম রুম এবং ইনডোর স্পা পুলের মতো স্নানের সুবিধাগুলি অবশ্যই বন্ধ থাকবে। পুল অপারেটরদের জন্য nyc.gov/health-এ দিশানির্দেশ রয়েছে।
- ইনডোর গ্রুপ ফিটনেস ক্লাসগুলি পরবর্তী বিজ্ঞপ্তি না হওয়া পর্যন্ত NYC-তে পুনরায় খোলার অনুমতি নেই।

*আবাসিক এবং হোটেল জিম এবং ফিটনেস সেন্টারগুলিতে প্রতিষ্ঠানগুলি নির্দেশনা অনুসরণ করছে তা নিশ্চিত করতে কর্মীদের অবশ্যই উপস্থিত থাকতে হবে।

আপনার নিয়োগকর্তাকে অবশ্যই যা করতে হবে:

- পুনরায় খোলার আগে বা তার 14 দিনের মধ্যে NYC স্বাস্থ্য বিভাগের দ্বারা নিরীক্ষনের সময়সূচি নির্ধারণ করুন।
- একটি ভেন্টিলেশন সিস্টেম রাখতে হবে যা MERV-13 বা তার বেশিতে কাজ করে। যে প্রতিষ্ঠানগুলি সেই স্তরে কাজ করতে পারবে না তাদের অবশ্যই একজন হিটিং, ভেন্টিলেশন, এবং এয়ার কন্ডিশনিং (HVAC) পেশাদারকে দিয়ে এই অক্ষমতা নথিবদ্ধ করাতে হবে এবং আমেরিকান সোসাইটি অফ হিটিং, রেফ্রিজারেটিং এবং এয়ার-কন্ডিশনিং ইঞ্জিনিয়ার্স (ASHRAE) ও রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC)-এর অতিরিক্ত বায়ুচলাচল এবং প্রশমনের প্রোটোকল গ্রহণ করতে হবে।
- পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার জন্য CDC নির্দেশিকা মেনে চলতে হবে এবং পরিষ্কার করার তারিখ, সময় এবং স্কোপ সহ লগগুলি বজায় রাখতে হবে।
- সর্বাধিক ধারণক্ষমতা সীমিত করে তা 33% করতে হবে। এর মধ্যে ইনডোর সুইমিং পুল অন্তর্ভুক্ত। *সর্বাধিক ধারণক্ষমতায় কর্মী এবং নিয়মিত গ্রাহকরা অন্তর্ভুক্ত।*
- হুইর্লপুল, সনা, স্টিম রুম এবং জলের ফোয়ারা বন্ধ রাখতে হবে। *জলের বোতল রিফিল করার স্থানগুলি খোলা থাকতে পারে।*
- কমিউনাল শাওয়ারগুলি বন্ধ রাখতে হবে। প্রতিষ্ঠানগুলি ব্যক্তিগত শাওয়ার সরবরাহ করতে পারে কিন্তু একমাত্র যদি আপনার নিয়োগকর্তা সেগুলিকে প্রত্যেক ব্যবহারের পরে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করে।
- শারীরিক যোগাযোগ জড়িত উচ্চ-ঝুঁকিপূর্ণ ক্রিয়াকলাপগুলি নিষিদ্ধ করতে হবে; উদাহরণস্বরূপ, মার্শাল আর্ট, বক্সিং।
- ব্যায়াম করার সময় নিয়মিত গ্রাহকরা একে অপরের থেকে 6 ফুট দূরত্ব বজায় রাখবেন তা নিশ্চিত করতে হবে।
  - ওয়ার্কআউট স্টেশনগুলির মধ্যে কমপক্ষে 6 ফুট দূরত্ব বজায় রাখতে হবে।
  - স্পটিং ব্যায়ামগুলি যতটা সম্ভব সংক্ষিপ্ত হতে হবে।
  - ব্যক্তিগত প্রশিক্ষকদের অবশ্যই যেখানে সম্ভব 6 ফুট দূরত্ব বজায় রাখতে হবে, মুখাবরণ পরতে হবে এবং তোয়ালের মতো ব্যক্তিগত আইটেমগুলি শেয়ার করা এড়াতে হবে।
- নিয়মিত গ্রাহক না হলে প্রবেশ নিষিদ্ধ করতে হবে:
  1. *মুখাবরণ পরুন।* একমাত্র ব্যতিক্রমগুলির জন্য সাধারণ প্রয়োজনীয়তা বিভাগে শারীরিক দূরত্ব দেখুন। যে নিয়মিত গ্রাহকেরা চিকিৎসাগত কারণে মুখাবরণ পরতে অক্ষম তাদের অবশ্যই ফেস শিল্ড পরতে হবে, যদিও CDC এটিকে মুখাবরণের বিকল্প হিসাবে ব্যবহার করার সুপারিশ করে না।
  2. *একটি স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে* যা, নিয়মিত গ্রাহকদের কমপক্ষে এটি জিজ্ঞাসা করে যে তাঁদের:
     - বিগত 14 দিনের মধ্যে COVID-19-এর উপসর্গগুলির অভিজ্ঞতা হয়েছে কি না
     - বিগত 14 দিনের মধ্যে COVID-19 সংক্রমণ ধরা পড়েছে কি না
     - বিগত 14 দিনের মধ্যে তাঁরা COVID-19 হয়েছে বলে নিশ্চিত বা সন্দেহযুক্ত কোনও ব্যক্তির ঘনিষ্ঠ সংস্পর্শে এসেছেন কি না
     - বিগত 14 দিনের মধ্যে 24 ঘন্টার বেশি সময়ের জন্য উচ্চ-ঝুঁকিপূর্ণ কোনও স্টেটে ভ্রমণ করেছেন কি না
  3. *সাইন ইন করুন (দূরবর্তী অবস্থান থেকে বা ব্যক্তিগতভাবে)* এবং কন্ট্যাক্ট ট্রেসিংয়ের উদ্দেশ্যে পুরো নাম, ফোন নম্বর এবং ঠিকানা প্রদান করুন। প্রতিষ্ঠানগুলিকে এই রেকর্ডগুলি অবশ্যই 28 দিনের জন্য রাখতে হবে।
- কর্মচারী, নিয়মিত গ্রাহক (উপরে বর্ণিত মতে) এবং যেখানে সম্ভব, ঠিকাদার এবং ভেন্ডরদের সহ প্রত্যেক ব্যক্তির লগ বজায় রাখতে হবে, যারা অন্যের সংস্পর্শে এসে থাকতে পারেন এবং 28 দিনের জন্য রেকর্ড রাখতে হবে। লগটিতে অবশ্যই পুরো নাম, ফোন নম্বর এবং ঠিকানা সহ যোগাযোগের তথ্য থাকতে হবে।
- প্রতিটি ব্যবহারের পরে শেয়ার করা উপকরণ পরিষ্কার করতে হবে এবং নিয়মিত গ্রাহকদের জন্য পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার সরঞ্জাম সরবরাহ করতে হবে। যদিও আপনার নিয়োগকর্তা উপকরণ পরিষ্কার করার জন্য নিয়মিত গ্রাহকদের বলতে পারেন, তবুও দুবার ব্যবহারের মধ্যে উপকরণ পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে অবশ্যই কর্মীদের উপলব্ধ থাকতে হবে।
- লকার রুম, রেস্টরুম এবং ব্রেকরুম মতো অঞ্চলে 6 ফুট দূরত্ব নিশ্চিত করতে মার্কার লাগাতে হবে।
- প্রতি দুই ঘন্টা পর পর লকার রুম এবং রেস্টরুম পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে।

- ওয়ার্কআউটের উপকরণ বাদ দিয়ে বস্তু শেয়ার করা এবং শেয়ার করা পৃষ্ঠতল স্পর্শ করা সীমাবদ্ধ করতে হবে। কর্মীরা যখন শেয়ার করা বস্তুর সংস্পর্শে থাকবে তখন তাঁদের অবশ্যই হাত স্যানিটাইজ করতে বা ধুতে হবে অথবা গ্লাভস পরতে হবে।
- যদি সংস্থাটি ক্রীড়া এবং বিনোদন, রিটেল, খাদ্য পরিষেবা, অফিস, এবং শিশুযত্নের মতো পরিষেবাগুলি প্রদান করে থাকে তবে তাকে নিউইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (DOH)-এর নির্দেশিকা মেনে চলতে হবে।

কম ঝুঁকিপূর্ণ ইন্ডোর শিল্পকলা এবং বিনোদনের জন্য প্রয়োজনীয়তা

আপনার নিয়োগকর্তাকে অবশ্যই যা করতে হবে:

- যেকোনো স্থানে সর্বাধিক ধারণক্ষমতা সীমিত করে তা 25% করতে হবে। *সর্বাধিক ধারণক্ষমতায় কর্মী এবং নিয়মিত গ্রাহক এবং অতিথিরা অন্তর্ভুক্ত।*
- নিয়মিত গ্রাহক এবং দর্শকদের আগে থেকে টিকিট কিনতে বলতে হবে এবং ভিড় এড়াতে ভিজিটের সময় নির্দিষ্ট করতে হবে।
- নিয়মিত গ্রাহকদের এবং দর্শকদের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে উৎসাহিত করতে হবে।
- নিয়মিত গ্রাহক এবং দর্শকরা মুখাবরণ না পরলে প্রবেশ নিষিদ্ধ করতে হবে। একমাত্র ব্যতিক্রমগুলির জন্য সাধারণ প্রয়োজনীয়তা বিভাগে শারীরিক দূরত্ব দেখুন।
- নিশ্চিত করতে হবে যে কর্মীরা নিয়মিত গ্রাহক এবং দর্শকদের সঙ্গে কাজ করার সময় মুখাবরণ পরবেন এবং নিয়মিত গ্রাহক এবং দর্শকরা যখন অন্যদের থেকে 6 ফুট দূরত্ব বজায় রাখতে পারবেন না তখন তাঁরা মুখাবরণ পরবেন।
- বিভিন্ন দলের নিয়মিত গ্রাহক এবং দর্শকরা একে অপরের থেকে 6 ফুট দূরত্ব বজায় রাখবেন তা নিশ্চিত করতে হবে। *শারীরিক দূরত্ব যখন সম্ভব না হয়উদাহরণস্বরূপ, ক্যাশ রেজিস্টারে - তখন প্রত্যেককে অবশ্যই মুখাবরণ পরতে হবে।*
- অপেক্ষা করার এবং পার্কিংয়ের জায়গার ব্যবস্থা করতে হবে যাতে নিয়মিত গ্রাহকরা এবং দর্শকরা কমপক্ষে 6 ফুট দূরে থাকতে পারে।
- সরু করিডোর, হলওয়ে বা স্থানে দ্বি-পথের ভিড় কম করতে টেপ বা তীর চিহ্ন ব্যবহার করতে হবে।
- টিকিটের লাইন, লিফটের প্রবেশদ্বার, প্রদর্শনীর সামনে, ক্লক ইন/আউট স্টেশন, স্বাস্থ্য পরীক্ষার স্টেশনগুলির মতো সাধারণ অঞ্চলে 6 ফুট দূরত্ব নিশ্চিত করতে মার্কার লাগাতে হবে।
- নিয়মিত গ্রাহক এবং দর্শকদের ভিড়ের চলাফেরা নিয়ন্ত্রণ করতে হবে। ছোট অঞ্চলে প্রদর্শনের জন্য, আপনার নিয়োগকর্তাকে শারীরিক দূরত্ব বজায় রাখতে এবং সর্বাধিক ধারণক্ষমতা বলবৎ করতে সর্বাধিক ধারণক্ষমতা গণনা করতে হবে। *আপনার নিয়োগকর্তাকে সর্বাধিক সমাবেশের সংখ্যা বলবৎ করতে এই অঞ্চলগুলিতে আরও বেশি কর্মী রাখার প্রয়োজন হতে পারে।*
- গ্রুপ ট্যুরগুলি একই দলের সদস্যদের মধ্যে সীমাবদ্ধ করতে হবে এবং নিশ্চিত করতে হবে যে গ্রুপটির মোট সংখ্যা সর্বাধিক ধারণক্ষমতার চেয়ে কম রয়েছে যার মধ্যে কর্মী এবং অন্যান্য নিয়মিত গ্রাহক এবং দর্শকরাও অন্তর্ভুক্ত।
- উচ্চ-ঝুঁকিপূর্ণ ইন্টার‍্যাক্টিভ প্রদর্শনগুলি বন্ধ রাখতে হবে।
- বাচ্চাদের জন্য প্রদর্শিত বস্তু এবং খেলার জায়গাগুলি বন্ধ রাখতে হবে যদি না আপনার নিয়োগকর্তা বিভিন্ন পরিবার বা দলের প্রতিটি বাচ্চার দেখার বা ব্যবহারের সময়ের মধ্যে প্রদর্শিত বস্তু এবং উপকরণগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে পারেন।
- সাধারণ অঞ্চলে হ্যান্ড স্যানিটাইজার রাখতে হবেউদাহরণস্বরূপ, প্রদর্শিত বস্তুর কাছে।
- নিয়মিত গ্রাহক এবং দর্শকদের ধার দেওয়া হেডসেট এবং অন্যান্য উপকরণের ব্যবহার বন্ধ করতে হবে। যদি আপনি একক-ব্যবহারের মানচিত্র সরবরাহ করতে না পারেন তবে প্রতিটি ব্যবহারের পরে আপনি মানচিত্র পরিষ্কার ও জীবাণুমুক্ত করছেন তা নিশ্চিত করুন।

বোলিং অ্যালি'র জন্য প্রয়োজনীয়তা

আপনার নিয়োগকর্তাকে অবশ্যই যা করতে হবে:

- সর্বাধিক ধারণক্ষমতা সীমিত করে তা 50% করতে হবে। *সর্বাধিক ধারণক্ষমতায় কর্মী এবং নিয়মিত গ্রাহক/খেলোয়াড়/দর্শকরা অন্তর্ভুক্ত।*
- প্লেক্সিগ্লাসের মতো শারীরিক অন্তরায় না থাকলে চেক-ইন/অ্যাপয়েন্টমেন্ট ডেস্কে কর্মীদের মধ্যে 6 ফুটের দূরত্ব আছে তা নিশ্চিত করতে হবে।
- নিয়মিত গ্রাহক/খেলোয়াড়/দর্শকদের সাথে যোগাযোগ করার সময় কর্মীরা মুখাবরণ পরছেন তা নিশ্চিত করতে হবে।
- ব্রেকরুমের মতো কর্মীদের সাধারণ এলাকা এবং উপকরণ চেকআউট করার স্থান এবং ক্যাশ রেজিস্টার সহ এমন যেকোনো স্থান যেখানে জনগণ লাইনে দাঁড়ায় সেখানে স্পষ্টরূপে 6 ফুট দূরত্ব চিহ্নিত করতে হবে।
- প্রতিটি দ্বিতীয় বোলিং লেন বন্ধ করুন বা খেলার সময় সহ নিয়মিত গ্রাহক/খেলোয়াড়দের বিভিন্ন দলের মধ্যে কমপক্ষে 6 ফুট দূরত্ব রয়েছে কিনা তা নিশ্চিত করতে লেনের মধ্যে অন্তরায় স্থাপন করথে হবে।
- নিয়মিত গ্রাহকরা/খেলোয়াড়রা তাঁদের নির্ধারিত লেনে তাঁদের নিজস্ব দলের সাথে রয়েছেন তা নিশ্চিত করতে হবে।
- দুবার ব্যবহারের মধ্যে বোলিং বল এবং বোলিংয়ের জুতোগুলির মতো কোনও ভাড়া বা শেয়ার করা উপকরণ পুঙ্খানুপুঙ্খভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে।
- নিশ্চিত করতে হবে যে যেকোনো ইভেন্টের নিয়মিত গ্রাহক/খেলোয়াড়ের সংখ্যা সর্বাধিক ধারণক্ষমতার চেয়ে কম যার মধ্যে কর্মী এবং অন্যান্য নিয়মিত গ্রাহক/খেলোয়াড়/দর্শকরাও অন্তর্ভুক্ত।
- খাদ্য এবং পানীয় পরিষেবা নিষিদ্ধ করতে হবে।